

# যুক্তি

বর্ষ ১ সংখ্যা ১ ফেব্রুয়ারি ২০০৭



# যুগান্তর সাহিত্য

ল গেল ফেব্রুয়ারি। অজস্র নতুন  
নকগুলো লিটলম্যাগ। সারাদেশের  
মর, মেধা-মননের মলাটবন্ধ রূপ  
কিছু লিটলম্যাগ নিয়েই আজকের  
হন পিয়াস মজিদ

## অঙ্গি



অভিত্য চয়ন সম্পাদিত অঙ্গির প্রথম  
বর্ষ, প্রথম সংখ্যা প্রকাশিত হয়েছে।  
মুহম্মদ শহীদুল্লাহ লিখেছেন 'বিনয়  
মজুমদার : ফিরে এসো পৃথিবীর সকল  
আকাশে', ফারুক সিদ্দিকী ভাষান্তর  
করেছেন চার্লস টমলিনসনের কবিতা।  
এ সংখ্যায় আরও আছে কবিতা ভাবনা  
ও কবিতা, গল্প ভাবনা ও গল্প।  
প্রচ্ছদশিল্পী তোহিন হাসান। ৯৬ পৃষ্ঠার  
এ সংখ্যার মূল্য ২৫ টাকা।

## পথরেখা




নূহ-উল-আলাম লেনিন সম্পাদিত  
পথরেখার পঞ্চম খণ্ড, দ্বিতীয় ও তৃতীয়  
সংখ্যা প্রকাশিত হয়েছে। মুক্তিযুদ্ধের  
পরিপ্রেক্ষিতে সমাজ-অর্থনীতি-শিল্প-  
সাহিত্য ও সংস্কৃতিতে পর্যাশ্রিত বছরের  
অর্জন এবং অভিজ্ঞতার মূল্যায়ন আছে  
এখানে। বিভিন্ন বিষয় নিয়ে লিখেছেন  
অনুপম সেন, জাকির তাগুবদার,  
মুনতাসীর মামুন, মফিদুল হক, সৈয়দ  
মনিজুরুল ইসলাম, মতলুব আলী,  
রফিক উল্লাহ খানসহ অনেকে। প্রচ্ছদ  
করেছেন তুষার মাহবুব। ২৫০ পৃষ্ঠার এ  
পত্রিকার মূল্য ৬০ টাকা।

## কালীদহ




সৈম আকবর সম্পাদিত কালীদহর ২য়  
বর্ষ, ১ম সংখ্যা বেরিয়েছে। সৈম আকবর,  
রাজিব ভট্টাচার্য, এহসানুল ইয়াছিন নাগর  
হাম্মানের গুচ্ছ কবিতা প্রকাশিত হয়েছে।  
অনু হোসেন লিখেছেন এসব কবিতার  
মূল্যায়নধর্মী লেখা 'নিজের জালে মাছ ধরার  
সাহস'। এছাড়া মহিবুর রহিম লিখেছেন  
'শূন্য নতুন সজাবনা' নামে গদ্য। কবিতা  
ও কবিতা বিষয়ক গদ্যে সাজানো হয়েছে  
কালীদহের বর্তমান সংখ্যা। প্রচ্ছদ:  
রাজিব রায়, মূল্য ১০ টাকা।

## শব্দস্বর



বিপ্লব সরকার সম্পাদিত কবিতার  
কাগজ শব্দস্বর-এর প্রথম সংখ্যা  
প্রকাশিত হয়েছে। উৎসর্গ করা  
হয়েছে ওয়াহিদুল হককে। এতে  
আছে নিতাই সেন, মেহেদী  
ইকবাল, প্রবন্ধজ্যোতিষোয় মুকুল  
সহ আরও অনেকের একক ও  
যুগল কবিতা। প্রচ্ছদশিল্পী রবীন  
আহসান। ৩২ পৃষ্ঠার শব্দস্বর-এর  
মূল্য ২৫ টাকা।

## বিভাস



রামশংকর দেবনাথ সম্পাদিত বিভাস  
এর আন্তর্জাতিক মাতৃভাষা দিবস  
সংখ্যা প্রকাশিত হয়েছে। উৎসর্গিত  
হয়েছে হুমায়ুন আজাদ ও ওয়াহিদুল  
হকের স্মৃতিতে। এতে স্থান পেয়েছে  
জাতীয় অধ্যাপক কবীর চৌধুরীকে  
নিবেদিত লেখা, বাউল সাহিত্যবিষয়ক  
প্রবন্ধ, গল্প, কবিতা, স্মৃতিকথা  
ইত্যাদি। প্রচ্ছদ করেছেন প্রব এমসহ  
অন্যরা। ৯৬ পৃষ্ঠার এ পত্রিকার মূল্য  
২৫ টাকা।

## ঘুড়ি



আকার্যগযোগ্য। ১৯২ পৃষ্ঠার এ পত্রিকার মূল্য ৫০ টাকা।

আসমা বীথি সম্পাদিত কাগজটির  
তৃতীয় সংখ্যা প্রকাশিত হয়েছে। এটি  
বেরিয়েছে গল্প সংখ্যা হিসেবে। গল্প ও  
অনুগল্প লিখেছেন— হাসান আজিজুল  
হক, শহীদুল জহির, নাসরীন জাহান,  
শাহাদুজ্জামান। আছে গল্প ও অন্যান্য  
বিষয়ক গদ্য। 'অন্যদেশের গল্প'  
শিরোনামে কয়েকজন পাকিস্তানি  
গল্পকারের অনুদিত গল্প এ কাগজের  
তাপর্ষের দিক। গল্পকে গুরুত্ব রেখে  
এ ধরনের ছোটকাগজ প্রকাশ বেশ  
বিরলই বলা চলে। সুদীপ্তের প্রচ্ছদ

## মুদঙ্গ



কামরুল বাহার আরিফ সম্পাদিত মুদঙ্গ  
র ষষ্ঠ বর্ষ, ৫ম সংখ্যা প্রকাশ পেয়েছে।  
গল্প, কবিতা, অনবাদের পাশাপাশি এর  
প্রবন্ধের জায়গাটি বেশ সমৃদ্ধ।  
রবীন্দ্রনাথ, নজরুল, হাসান আজিজুল  
হক, নাট্যাঙ্গানো ইত্যাদি বিষয়ে  
কয়েকটি গদ্য এতে স্থান পেয়েছে।  
দুলাল আল মনসুরের অনুবাদকৃত  
অনিতা দেশাইয়ের সাক্ষাৎকার অনেকের  
আগ্রহ পূরণ করবে। প্রচ্ছদ করেছেন  
কানিজ হুসনা আকবরী। ১২৮ পৃষ্ঠার এ  
সংখ্যার মূল্য ৫০ টাকা।

## যুক্তি



অনন্ত বিজয় দাশ সম্পাদিত যুক্তির  
প্রথম সংখ্যা এ মেলায় বেরিয়েছে।  
প্রকাশিত প্রবন্ধগুলোর বেশিরভাগ  
বিজ্ঞান ও দর্শনকেন্দ্রিক। এছাড়াও  
আছে গল্প, কবিতা, অনুবাদ। অজয়  
রায়ের 'ত্রনো থেকে আরজ আলী  
মাতৃকর' এবং অভিজিৎ রায়ের 'দ্বন্দ্বেরই  
কি সৃষ্টির আদি বা প্রথম কারণ?' প্রবন্ধ  
দুটো মনোযোগ আকর্ষণ করে। প্রচ্ছদ  
পরিকল্পক-বিজ্ঞান ও যুক্তিবাদী  
কাউন্সিল, সিঙ্গেট। পৃষ্ঠা ১৩২, মূল্য ৫০  
টাকা।

## কবিতা



ফরীদ আহমদ রেজা সম্পাদিত কবিতার  
তৃতীয় সংখ্যা প্রকাশিত হয়েছে।  
এতে আছে ৩ জন কবির গুচ্ছ  
কবিতাসহ বিভিন্ন দশকের কবিদের  
কবিতা। আছে অনুবাদ কবিতা।  
শেকসপিয়ার, র্যাবো, শামসুর রাহমান,  
আবুল হাসান প্রমুখ কবিকে নিয়ে গদ্যও  
স্থান পেয়েছে কবিতায়। প্রচ্ছদ করেছেন  
বাবুল মাহমুদ। ১৩০ পৃষ্ঠার এ কাগজের  
মূল্য ৩০ টাকা।

## পত্তর



হাসান জামরুল সম্পাদিত পত্তর  
প্রকাশিত হয়েছে একুশের বইমেলা,  
২০০৭-এ। এ সংখ্যার বিশেষ  
আয়োজন প্রয়াত কবি মুস্তফা  
আনোয়ারকে নিয়ে। কবির 'তুত'  
কবিতা-পাণ্ডুলিপি পত্তর-এর মান  
বৃদ্ধি করেছে। এছাড়াও মুস্তফা  
আনোয়ারের গল্প ও অন্যান্য কয়েকটি  
লেখা এতে গ্রন্থিত হয়েছে। কবিতা ও  
গদ্য নিয়ে পত্তর-এ উপস্থিত হয়েছেন  
আবদুল মান্নান সৈয়দ, কাজল

শাহনেওয়াজ, কফিল আহমেদ, রিফাত  
চৌধুরী প্রমুখ। প্রচ্ছদ করা হয়েছে মুস্তফা আনোয়ারের স্কেচ  
অবলম্বনে। ১৫২ পৃষ্ঠার এ পত্রিকার মূল্য ৫০ টাকা।

এছাড়া নতনের অঙ্গীকার ও তারুণ্যের উত্তাপ নিয়ে ঢাকাসহ দেশের  
বিভিন্ন প্রান্ত থেকে বেরিয়েছে আরও অনেক লিটলম্যাগ। এর মধ্যে  
আছে আমজাদ সূজন সম্পাদিত উল্লেখ্য মাসুদ পথিক সম্পাদিত স্রোত,  
বাবুল ইসলাম সম্পাদিত সিরিকট, কাজী জিননুর সম্পাদিত জারুল